



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০৭৩.১৮. ৩৭৪

তারিখ : ০৫/১১/২০২০ খ্রি:

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।


সূত্র : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়িয়া, শরীয়তপুর এর স্মারক নং-৪৪০ তারিখঃ ২৭/১০/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-১৪৮০২০৭-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বৎসরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২১১১১৩	বিদ্যুৎ	১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র
৩২৫৫১০৪	সিল ও স্ট্যাম্প	৩,০০০ (তিন হাজার) টাকা মাত্র
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	৩,০০০ (তিন হাজার) টাকা মাত্র
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র
৪১১২৩১৪	আসবাবপত্র (ক্রয়)	৫৪,০০০ (চুয়ান্ন হাজার) টাকা মাত্র
মোট=		৯৫,০০০ (পঁচানব্বই হাজার) টাকা মাত্র।


উল্লেখ্য যে, আসবাবপত্র (ক্রয়) খাতে বরাদ্দকৃত টাকা দ্বারা ০১টি হাফ সেক্রেটারিয়েট টেবিল, ০১টি হাতাওয়াল কাঠের চেয়ার, ০১টি স্টিলের আলমারী এবং ০২টি ডিজিটিং চেয়ার ক্রয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। তাছাড়া চাহিদার মন্তব্য কলামে কোন যৌক্তিকতা উল্লেখ করা হয়নি। পরবর্তীতে চাহিদা প্রেরণের সময় চাহিদার বিপরীতে যথার্থ যুক্তিকতা উল্লেখপূর্বক চাহিদা প্রেরণ করার জন্য বলা হলো। যথার্থ যুক্তিকতা ছাড়া চাহিদা বিবেচনা করা সম্ভব হবে না। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মো: শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক
ই-মেইল adbudget@dgfood.gov.bd




তারিখ : ০৫/১১/২০২০ খ্রি:

ভারপ্রাপ্ত কর্মকর্তা, নড়িয়া এলএসডি, নড়িয়া, শরীয়তপুর।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০৭৩.১৮. ৩৭৪/১(৫)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, শরীয়তপুর।
- ৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়িয়া, শরীয়তপুর।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।



(মোঃ শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

